দামুড়হুদায় ইজিবাইক চালককে চেতনানাশক ওষুধ খাইয়ে ইজিবাইক চুরি

দামুড়হুদায় ইজিবাইক চালককে চেতনানাশক ওষুধ খাইয়ে ইজিবাইক চুরির ঘটনা ঘটেছে। অবচেতন অবস্থায় ইজিবাইক চালক কে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করে স্থানীয়রা। ইজিবাইক চালক হৃদয় জীবননগর উপজেলার রায়পুর গ্রামের আঃ রব মুন্সির ছেলে। গতকাল শনিবার দুপুর ১২টার দিকে এই ঘটনা ঘটে।

ভুক্তভোগী ও স্থানীয় সূত্রে জানাগেছে, গতকাল শনিবার সকালে জীবননগর উপজেলার আন্দুলবাড়ীয়া বাজার এলাকা থেকে অজ্ঞাত দুজন ব্যক্তি ইজিবাইক চালক হৃদয়ের ইজিবাইক ভাড়া করে জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে যায়। সেখান থেকে আবার দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আসে তারা।

দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ইজিবাইকটি রেখে তারা স্বাস্থ্য কমপ্লেক্সের পিছনে গিয়ে ইজিবাইক চালক কে বিস্কুট ও পানির সাথে চেতনানাশক ওষুধ খাইয়ে ইজিবাইকটি চুরি করে নিয়ে যায়। কিছু সময়পর স্থানীয়রা ইজিবাইক চালক কে উদ্ধার করে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে। বিকেলে পরিবারের লোকজন খবরপেয়ে তাকে বাড়িতে নিয়ে যায়।

দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আলমগীর কবির বলেন, ঘটনাটি জানতে পেরে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছিলো। এঘটনায় এখনো পর্যন্ত কেউ কোনো অভিযোগ করেনি। লিখিত অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।